# কুতুবদিয়া উপজেলা পরিষদ

জেলাঃ কক্সবাজার

www.kutubdia.coxsbazar.gov.bd

শেখ হাসিনার দর্শন বাংলাদেশের উন্নয়ন

## কুতুবদিয়া উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার। |
| সভার তারিখ | ঃ ২৯/১১/২০২১ খ্রিষ্টাব্দ। |
| সময় | ঃ সকাল- ১১.০০ টা। |
| স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কুতুবদিয়া। |
| সভার উপস্থিতি | ঃ পরিশিষ্ট 'ক ও 'খ'-তে দ্রষ্টব্য। |

সভার প্রারম্ভে, সম্মানিত উপদেষ্টা ও মাননীয় সংসদ সদস্য জনাব আশেক উল্লাহ রফিক মাসিক সভায় উপস্থিত থাকায় পরিষদের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানান এবং সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ নুরের জামান চৌধুরী গত ২৮ অক্টোবর' ২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বর্নিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় উপস্থিত সকলের সম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা প্রকৌশল অফিসঃ**<br>**(ক) ২০২১-২২ অর্থ বছরের এডিপি স্কীম গ্রহণ সংক্রান্তঃ**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের (এডিপি) আওতায় ১ম ও ২য় কিস্তিতে ৫৫.৪৬ লক্ষ টাকার বরাদ্দ পত্র পাওয়া যায়। স্কীম তালিকা দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে নিকট পত্র প্রেরনের প্রেক্ষিতে স্কীম তালিকা পাওয়া গেছে। প্রাপ্ত স্কীম সমূহ যাচাই বাছাই করে দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়াও উপজেলার নতুন সম্প্রসারিত প্রশাসনিক ভবনের কাজ দ্রুত আরম্ভ হবে মর্মে জানান। এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় বাস্তবায়নের জন্য প্রাপ্ত স্কীম তালিকা হতে প্রকল্প বাছাই কমিটির মাধ্যমে যাচাই বাছাই ক্রমে স্কীম তালিকা চূড়ান্ত করে আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি'কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি কুতুবদিয়া |
| | খ) আলোচনায়, সম্মানিত উপদেষ্টা ও মাননীয় সাংসদ জনাব আশেক উল্লাহ রফিক জানান, উপজেলার যেসব রাস্তায় কোড নাম্বার নাই সেসব রাস্তার কোড নাম্বার বসাতে হবে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | খ) উপজেলার যেসব গ্রামীণ রাস্তার নাম্বার নাই সেসব রাস্তার কোড নাম্বার বসানোর ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি'কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি কুতুবদিয়া |
| | **গ) আনসার সদস্যের ব্যারাক ও বঙ্গবন্ধু শেখ মুজিব ম্যুরাল নির্মাণঃ**<br>উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ব্যারাক নির্মাণ কাজের প্রাপ্ত টেন্ডার হতে লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয়েছে। এছাড়াও উপজেলা পরিষদ চত্বরে "বঙ্গবন্ধু শেখ মুজিব" ম্যুরাল নির্মাণ কাজের কোটেশন আহ্বান করা রয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | গ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ব্যারাক নির্মাণ কাজ এবং উপজেলা পরিষদ চত্বরে "বঙ্গবন্ধু শেখ মুজিব"ম্যুরাল নির্মাণ কাজ দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি কুতুবদিয়া |
| ০২ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি জানান, বীর মুক্তিযোদ্ধা নুরুচ্ছফা ও বীর মুক্তিযোদ্ধা ভোলানাথ দাশ এর নামে বরাদ্দকৃত ২টি বীর নিবাস নির্মাণ কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে বীর নিবাস নির্মাণ কাজ যথাযথভাবে বাস্তবায়নসহ টিআর/ কাবিখা প্রকল্পের অগ্রগতি বিষয়ে আগামী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা'কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুতুবদিয়া |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | <u>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসঃ-</u><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নভেম্বর/২০২১ মাসের প্রতিবেদন নিম্নোক্ত পেশ করেন: শিশুটিকা- ৩৮২,হার- ১০৬%, পেন্টা ১ম ডোজ- ৩৭৫, অর্জিত হার- ১০৪%, পেন্টা ২য় ডোজ- ৪১৫, অর্জিত হার- ১১৫%, পেন্টা ৩য় ডোজ- ৪২৪, অর্জিত হার- ১১৮%, হাম অর্জিত সংখ্যা- ৪২৩, অর্জিত হার- ১১৮%, বর্হিঃবিভাগের মোট রোগী- ৩১১৭ জন (পুরুষ- ১০৩২, মহিলা- ১০১১, শিশু- ১০৭৪), অন্তঃবিভাগে ভর্তি রোগী- ২০১৬জন (পুরুষ- ২২৬, মহিলা- ৩২৩, শিশু- ১৪৬৭), জরুরী বিভাগ- ৮৩০জন (পুরুষ- ২২৭, মহিলা- ৩২০, শিশু- ২৮৩) শয্যা ব্যবহারের হারঃ ১৩০%, হাসপাতালে মৃত রোগী-০০জন, প্রসব পূর্ব চেক আপঃ ৩০৯ জন, নিরাপদ প্রসব- ৪৪টি, প্রসব পরবর্তী চেকআপ-১১২টি, মোবাইল সেবা- ২৭২জন, মাইনর সার্জারী- ৩১০জন, স্বাস্থ্য শিক্ষা কার্যক্রমঃ হাসপাতাল সভা- ৮টি (পুরুষ- ৩৭৫, মহিলা- ৪৮০), কমিউনিটি ক্লিনিকে সেবা প্রাপ্ত রোগীর সংখ্যাঃ ৭০১২জন। কোভিড-১৯ টিকাদানের জন্য রেজিস্ট্রেশন- ৬০০৪৩ জন। কোভিড-১৯ টিকা প্রদানের তথ্য ২৮/১১/২০২১ইং তারিখ পর্যন্তঃ (১) ১ম ডোজ টিকা প্রদান- ৪৯,৯৭২জন ও ২য় ডোজ টিকা প্রদান- ৩৩,০৪৫জন। হাসপাতালে করোনা টিকা কার্যক্রম চলমান রয়েছে। আগামী ডিসেম্বর/২০২১ মাসের মধ্যে কক্সবাজার জেলায় ৭০% এবং সারা দেশে ৪০% লোককে টিকার আওতায় আনার লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। টিকা প্রদানের জন্য গ্রাম পর্যায়ে ক্যাম্প করা হবে। সরকারি সেবা গ্রহীতাদের কোভিড-১৯ টিকা প্রদান নিশ্চিত করার জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ জানান। এছাড়াও আফ্রিকা, জার্মানীসহ বেশ কয়েকটি দেশে অমিক্রন নামক নতুন ভাইরাসের প্রদুর্ভাব দেখা দেয়ায় সবাইকে সতর্ক থাকার পরামর্শ দেন। তিনি আরো জানান, হাসপাতালের পুরাতন ভবনটির অর্ধেকাংশ ব্যবহার অনুপযোগী হওয়ায় বন্ধ রাখা হয়েছে। বাকী অর্ধেকও ঝুকিপূর্ণ অবস্থায় আছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>ক) হাসপাতালে চিকিৎসা সেবার মান বৃদ্ধির ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>খ) সরকারি সুবিধাভোগী ও স্থানীয় জনসাধারনকে কোভিড-১৯ টিকা গ্রহন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।<br>গ) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর ঝুকিপূর্ণ ভবনের বিষয়ে বিস্তারিত তথ্য উপজেলা কনডেমনেশন কমিটির বরাবর দাখিল করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ক) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কুতুবদিয়া<br>খ) সকল দপ্তর প্রধান ও স্থানীয় জনপ্রতিনিধিগণ<br>গ) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৪ | <u>উপজেলা কৃষি অফিসঃ</u><br>উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি জানান, খরিফ-২ মৌসুমে ভালো ফলন হয়েছে। রবি মৌসুমে বিনামুল্যে বিতরনের জন্য গম, ভুট্টার বীজ পাওয়া গেছে। স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমম্বয় করে বিতরন করা হবে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে মর্মে জানান। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৫ | <u>উপজেলা মৎস্য অফিসঃ</u><br>উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান, ১ নভেম্বর ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত আট মাস জাটকা সংরক্ষণ মৌসুম শুরু হয়েছে। এই আট মাসে ১০ ইঞ্চির নিচে জাটকা শিকার, বহন ও মজুত সম্পুর্ণ নিষিদ্ধ করা হয়েছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৬ | <u>উপজেলা প্রাণি সম্পদ অফিসঃ</u><br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান, ফ্রি টিকাদান কার্যক্রম পরিচালনার জন্য উপজেলার ৩টি জায়গায় অস্থায়ী ক্যাম্প নির্মান করা হবে। ফ্রি ভেটেনারী সার্ভিস ও কৃমি ঔষুধ বিতরন করা হবে। প্রাণি সম্পদ অফিসের সামনে স্থিত পরিত্যক্ত পানির ট্যাংক অপসারনের ব্যবস্থা গ্রহণের জন্য সভাকে অনুরোধ জানান এবং জরুরী ভিত্তিতে এ্যানিমেল রেস্টিং সেড নির্মাণের অনুরোধ জানান। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৭ | <u>উপজেলা সমাজ সেবা অফিসঃ</u><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি জানান, ২০২১-২০২২ অর্থ বছরে বর্ধিত প্রতিবন্ধী ভাতা বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট চেয়ারম্যানদেরকে পত্র দেওয়া হয়েছে। সকল ইউনিয়ন হতে বর্ধিত প্রতিবন্ধীর ভাতার তালিকা পাওয়া গেলে উপজেলা কমিটির সভায় চূড়ান্ত অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে। তিনি আরো বলেন, সরকার প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়নের জন্য ইতিমধ্যে অত্র উপজেলায় জরিপ কাজ পরিচালনা করা হয়েছে। জরিপ করে ৩৬২ জন প্রান্তিক জনগোষ্ঠী | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>ক) কুতুবদিয়া উপজেলার যোগ্য (বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা) ব্যক্তিদের শতভাগ ভাতার আওতায় অন্তর্ভুক্ত করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ক) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুতুবদিয়া |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | পাওয়া যায়। কেউ যেন জরিপ হতে বাদ না পড়ে এ ব্যাপারে সংশ্লিষ্ট চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। তিনি আরো বলেন, বয়স্ক, প্রতিবন্ধী এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতাভোগীদের মধ্যে মৃত্যুবরন করে থাকলে তা দ্রুত প্রতিস্থাপন করার জন্য চেয়ারম্যানগণকে অনুরোধ করেন।<br>আলোচনায় সম্মানিত উপদেষ্টা ও মাননীয় সংসদ সদস্য জনাব আশেক উল্লাহ রফিক জানান, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় ২০২১-২২ অর্থ বছরে দেশের ১৫০ উপজেলায় যোগ্য শতভাগ ব্যক্তিকে ভাতা প্রদানের কার্যক্রম হাতে নিয়েছে সমাজসেবা অধিদপ্তর। তাই কুতুবদিয়া উপজেলার যোগ্য ব্যক্তিদের শতভাগ ভাতার (বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা) আওতায় নিয়ে আসার জন্য উদ্যোগ গ্রহন করা প্রয়োজন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | খ) প্রতিবন্ধীদের কার্ড প্রদান কার্যক্রম সহজী করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনসহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>গ) উপজেলায় সকল প্রান্তিক জনগোষ্ঠির তালিকা অনলাইনে অর্ন্তভুক্ত হয়েছে কিনা তা স্থানীয় জনপ্রতিনিধিদের সাথে সমম্বয় করে যাচাই বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। | খ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুতুবদিয়া<br>গ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও স্থানীয় জনপ্রতিনিধিগন |
| ০৮ | উপজেলা শিক্ষা অফিসঃ<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান, ২০২২ সালের বই সংগ্রহের কার্যক্রম কার্যক্রম চলমান রয়েছে। ৩য় থেকে ৫ম শ্রেণির বই এখনো পাওয়া যায়নি। চলতি বছরে ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা হবে না। অন্যান্য শ্রেণিতে মুল্যায়ন পরীক্ষা হবে। এছাড়াও তাঁর বিভাগীয় কার্যক্রম যথানিয়মে পরিচালিত হচ্ছে মর্মে জানান। বিভাগীয় আলোচনায়, চেয়ারম্যান বড়ঘোপ ইউপি জানান, মধ্য আলী আকবর ডেইল প্রাথমিক বিদ্যালয়ের সীমানা বিরোধের বিষয়টি পর পর কয়েকটি মাসিক সভায় উপস্থাপনের প্রেক্ষিতে দ্রুত নিস্পত্তির সিদ্ধান্ত গৃহীত হলেও অদ্যাবধি তা বাস্তবায়ন হয়নি । এছাড়াও উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভা আহ্বানের বিষয়ে আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>ক) মধ্য আলী আকবর ডেইল প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন হাফেজখানা ও ফোরকানিয়া মাদ্রাসার ছাত্র/ছাত্রী এবং ১০টি পরিবারের লোকজনের চলাচলের পথ খুলে দেয়ার বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক লিখিত প্রতিবেদন পরিষদের অনুকূলে দাখিল করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>খ) উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ক-খ) উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৯ | পরিবার পরিকল্পনা অফিসঃ<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের দাখিলকৃত অক্টোবর/২০২১ মাসের অগ্রগতি প্রতিবেদনঃ মোট সক্ষম দম্পতি- ২৪৬০৫, পদ্ধতি গ্রহীতা- ১৯০১৩ (খাবার বড়ি- ৭৮৭৬, কনডম-৭০৭৩, ইনজেকশন-৬৭২৭, আইইউডি- ৩৬৩ (চলতি মাসে-০২জন), ইমপ্লানন-২৪২৩ (চলতি মাসে-১৮জন), স্থায়ীপদ্ধতি (পুরুষ-২৮৪, চলতি মাসে-০০জন) (মহিলা-৫৬৪,চলতি মাসে-০২জন), সিএআর-৭৭.২৭%, নিবন্ধিত মোট গর্ভবর্তীর সংখ্যা- ৮৭০, সাধারণ রোগীর সেবা- ১০৫৫ (পুরুষ-৪৭,মহিলা-১০০৮), গর্ভকালীন সেবা- ৯৬০, গর্ভোত্তর সেবা-২৮৪, জীবিত জন্মের সংখ্যা মোট-৯১ (প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি দ্বারা-৪৪, প্রশিক্ষণবিহীন ব্যক্তিদ্বারা- ৪৭), শিশু সেবা (০-৫)- ১৯৮২, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব-৪৪টি। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সমূহে নিয়মিত চিকিৎসা সেবা চালু রয়েছে এবং মাঠ পর্যায়ের কাজ দ্রুত এগিয়ে নেয়ার চেষ্টা অব্যহত রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে উপস্থিত কর্মকর্তার প্রতিনিধি জানান। | জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসঃ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | মাসিক সাধারণ সভায় ধারাবাহিকভাবে অনুপস্থিত থাকার কারণ লিখিতভাবে পরিষদকে অবহিত করার জন্য এবং উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভাসহ গুরুত্বপুর্ণ সভা সমূহে কর্মকর্তা/প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১১ | উপজেলা সমবায় অফিসঃ<br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১২ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, পুর্বে বরাদ্দকৃত নলকুপ স্থাপন কাজ চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে নতুনভাবে তারা গভীর, গভীর ও অগভীর নলকুপের বরাদ্দ পাওয়া গেছে। ২টি পাবলিক টয়লেট নির্মাণের জন্য স্থান নির্বাচন করা হয়েছে। এছাড়াও ২০০টি সাবমারসিবল পাম্পসহ টিউবওয়েল বরাদ্দ পাওয়া গেছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে পুর্বে বরাদ্দকৃত নলকুপ স্থাপন কাজ দ্রুত সমাপ্তের ব্যবস্থা গ্রহন এবং উপজেলা ওয়াটসন কমিটির সিদ্ধান্তক্রমে বরাদ্দপ্রাপ্ত সাবমারসিবল পাম্পসহ টিউবওয়েল বিভাজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কুতুবদিয়া |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৩ | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসঃ</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, গত ২৪/১১/২০২১ইং হতে মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণি সমাপনী মূল্যায়ন পরীক্ষা শুরু হয়েছে। পরীক্ষার্থীর উপস্থিতির হার সন্তোষজনক। এছাড়াও আগামী ০২/১২/২০২১ ইং তারিখে ২০২১ সনের এইচএসসি ও আলিম পরীক্ষা অনুষ্ঠিত হবে। এইচএসসি পরীক্ষার্থী-৪১৭জন, আলিম পরীক্ষার্থী-১১৫জন এবং কারিগরী( এইচএসসি সমমানের)পরীক্ষার্থী-১৭০জন। ২০২২ সালের নতুন বই এখনো পাওয়া যায়নি। সকল শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা প্রদানের জন্য রেজিষ্ট্রেশন শুরু হবে। এছাড়াও, চরধুরুং সড়ক, আজগরিয়া সড়ক, জইজ্যার পাড়া সড়ক ও বাকখালী সড়ক দ্রুত মেরামতের অনুরোধ জানান। মাধ্যমিক বিদ্যালয় সমূহে অবকাঠামো উন্নয়ন বিষয়ে আলোচনা করেন।<br>আলোচনায়, সম্মানিত উপদেষ্টা ও মাননীয় সংসদ সদস্য জনাব আশেক উল্লাহ রফিক জানান, কুতুবদিয়া উপজেলায় যেসব মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে অবকাঠামোগত উন্নয়ন করা হয়েছে সকল তথ্য প্রেজেন্টেশন আকারে প্রস্তুত করা প্রয়োজন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিস্তারিত আলোচনান্তে নকলমুক্ত সুন্দর পরিবেশে এইচএসসি পরীক্ষা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'কে অনুরোধ করা হয়।<br><br>খ) বর্তমান সরকারের মেয়াদকালীন সময়ে কুতুবদিয়া উপজেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় সমূহের অবকাঠামোগত উন্নয়নের সকল তথ্যের স্বচিত্র প্রতিবেদন/ প্রেজেনটেশন প্রস্তুত করে মাননীয় সংসদ সদস্য এবং উপজেলা প্রশাসনের বরাবর দাখিল করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'কে অনুরোধ করা হয়। | ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া<br><br>খ) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১৪ | <u>উপজেলা রেঞ্জ অফিসঃ</u><br>উপজেলা রেঞ্জ কর্মকর্তা জানান, দাপ্তরিক চলমান কার্যক্রম স্বাভাবিক রয়েছে। নতুন বাগান সৃজনের কাজ আগামী বছরের শুরুতে আরম্ভ হবে।<br>আলোচনায়, সম্মানিত উপদেষ্টা ও মাননীয় সংসদ সদস্য জনাব আশেক উল্লাহ রফিক জানান, কুতুবদিয়া উপজেলায় কোন স-মিল না থাকায় দ্বীপবাসী মারাত্বক ক্ষতির সম্মুখিন হচ্ছেন। তাছাড়া কুতুবদিয়া উপজেলায় কোন রিজার্ভ ফরেস্ট নাই। তাই কুতুবদিয়া উপজেলায় জরুরী ভিত্তিতে স-মিল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিষদকে অনুরোধ জানান। এছাড়াও, বিদ্যুতের নতুন খুটি স্থাপনের সুবিধার্থে রাস্তার পাশের সরকারি গাছ কর্তনের বিষয়টি দ্রুত নিষ্পত্তি করার অনুরোধ জানান। বর্ণিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ক) জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা রেঞ্জ কর্মকর্তা'কে অনুরোধ করা হয়।<br>খ) কুতুবদিয়া উপজেলায় রিজার্ভ ফরেস্ট না থাকার বিষয়টি বিভাগীয় বন কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, চট্টগ্রামসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করে পরিষদকে জানানোর জন্য উপজেলা রেঞ্জ কর্মকর্তা'কে অনুরোধ করা হয়।<br>গ) যথাযথ প্রক্রিয়া অনুসরন পূর্বক বিদ্যুতের নতুন খুটি স্থাপনের জন্য রাস্তার পাশের গাছ দ্রুত কর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা রেঞ্জ কর্মকর্তা, কুতুবদিয়া<br><br>খ) উপজেলা রেঞ্জ কর্মকর্তা, কুতুবদিয়া<br><br>গ) উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা রেঞ্জ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১৫ | <u>উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকতার প্রতিনিধি তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১৬ | <u>উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তিনি গত ১৭/১১/২০২১ইং তারিখে বর্তমান কর্মস্থলে যোগদান করেন। অফিসের কার্যক্রম স্বাভবিক ভাবে পরিচালিত হচ্ছে।<br>আলোচনায়, সম্মানিত উপদেষ্টা ও মাননীয় সংসদ সদস্য জনাব আশেক উল্লাহ রফিক জানান, মহেশখালী উপজেলায় "ন্যাশনাল সার্ভিস কর্মসূচী" প্রকল্প চলমান থাকায় বেকার যুব ও যুব মহিলারা উপকৃত হচ্ছে। তাই কুতুবদিয়া উপজেলায় "ন্যাশনাল সার্ভিস কর্মসূচী" চালু করার উদ্যোগ গ্রহন করা প্রয়োজন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে কুতুবদিয়া উপজেলায় "ন্যাশনাল সার্ভিস কর্মসূচী" প্রকল্প চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১৭ | <u>উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের অফিস ঃ</u><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়ার প্রতিনিধি তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে সভাকে অবহিত করেন। চলতি মৌসুমে ১৪০ মেট্টন ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>আলোচনায়, সম্মানিত উপদেষ্টা ও মাননীয় সংসদ সদস্য জনাব আশেক উল্লাহ রফিক জানান, স্থানীয় কৃষকরা যাতে সঠিক দাম পায় সে বিষয়টি নিশ্চিত করতে হবে এবং যাতে কৃষকেরা স্থানীয় বাজারে ধান বিক্রি না করে সরকারের নিকট ধান বিক্রি করতে উদ্বুদ্ধ হয় সে বিষয়টি নিশ্চিত করতে হবে।<br>বিভাগীয় আলোচনায়, জনপ্রতিনিধিগণ জানান, কুতুবদিয়া উপজেলা খাদ্য গুদামের সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব পলাশ পাল চৌধুরী কর্তৃক ১৯২মেট্রিক টন চাল আত্মসাতের বিষয়টি আদালতে বিচারাধীন রয়েছে। কিন্তু কুতুবদিয়া উপজেলার জন্য বরাদ্দকৃত চাল আত্মসাতের পর পুনঃবরাদ্দ না হওয়ায় দ্বীপের দরিদ্র জনসাধারণ সরকারি সহায়তা থেকে বঞ্চিত হচ্ছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>ক) কুতুবদিয়া খাদ্য গুদামের সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক আত্মসাতকৃত চাউল এর সমপরিমাণ চাউল অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক, কক্সবাজার বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক'কে অনুরোধ করা হয়।<br><br>খ) ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা অর্জনের প্রয়োজনীয় প্রদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বড়ঘোপ খাদ্য গুদাম, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়। | ক) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়া<br><br>খ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়া |

CS CamScanner

<table>
<tr><th></th><th></th><th></th><th></th></tr>
<tr>
<td>১৮.</td>
<td><u>বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো)ঃ</u><br>আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া জানান, কুতুবদিয়া উপজেলায় শতভাগ বিদ্যুতায়নের কাজ অক্টোবর/২০২১ মাসে শুরু হয়েছে। মোট ৫০০০ খুটি স্থাপন করা হবে। ইতোমধ্যে ৮০০ খুটি স্থাপন করা হয়েছে। ১২ মিটার উচ্চতার খুটি স্থাপন কাজ চলমান রয়েছে। পরবর্তীতে ৯ মিটার উচ্চতার খুটি স্থাপন করা হবে। আগামী এপ্রিল/২০২২ মাসের মধ্যে খুটি স্থাপন কাজ ও তার টানার কাজ শেষ করার সম্ভাবনা রয়েছে। খুটি স্থাপনের জন্য যেসব গাছ কাটা প্রয়োজন তা বনবিভাগের সাথে সমন্বয় করে রেড মার্ক করা হয়েছে। সাব মেরিন ক্যাবল স্থাপনের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারের অনুকূলে কার্যাদেশ জারী করা হয়েছে। ল্যান্ডিং স্টেশনের জন্য পেকুয়া ও কুতুবদিয়া উপজেলায় ভূমি অধিগ্রহনের কাজ চলমান রয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে কুতুবদিয়া উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন প্রকল্পের কাজ দ্রুত এগিয়ে নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ কাজের অগ্রগতি মাসিক সভায় নিয়মিত উপস্থাপনের জন্য আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়।</td>
<td>আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া</td>
</tr>
<tr>
<td>১৯.</td>
<td><u>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো)ঃ</u><br>উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। বিভাগীয় আলোচনায়, চেয়ারম্যান আলী আকবর ডেইল ইউপি জানান, আলী আকবর ডেইল ইউনিয়নের বায়ু বিদ্যুৎ সংলগ্ন বেড়ীবাধ মেরামত কাজ ধীর গতিতে চলছে। এবিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহনের জন্য পরিষদকে অনুরোধ জানান।<br>আলোচনায়, সম্মানিত উপদেষ্টা ও মাননীয় সংসদ সদস্য জনাব আশেক উল্লাহ রফিক জানান, উপজেলা পরিষদের মাসিক সভায় পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করা প্রয়োজন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>ক) বায়ুবিদ্যুৎ সংলগ্ন বেড়ীবাধ মেরামত কাজসহ অন্যান্য সাইটে চলমান বেড়ীবাধ মেরামত কাজ দ্রুত সমাপ্ত করার ব্যবস্থা নেয়ার জন্য উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়।<br>খ) মাসিক সভাসহ উপজেলার গুরুত্বপূর্ণ সভার নোটিশ গ্রহণের পরও উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়ার কোন প্রতিনিধি উপস্থিত না থাকার বিষয়টি নির্বাহী প্রকৌশলী, বাপাউবো, বান্দরবান ও কক্সবাজারকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>ক) উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া<br><br>খ) উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া</td>
</tr>
<tr>
<td>২০.</td>
<td>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ঃ<br>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন।</td>
<td>বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়।</td>
<td>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া</td>
</tr>
<tr>
<td>২১.</td>
<td><u>তথ্য আপা প্রকল্পঃ</u><br>তথ্য আপা কর্মকর্তা, কুতুবদিয়া তাঁর দপ্তরের কার্যক্রম নিম্নোক্ত ভাবে উপস্থাপন করেন:
<table>
<tr><th>কার্যক্রমের বিষয়</th><th>বাস্তবায়নের অগ্রগতি</th></tr>
<tr><td>মাসিক লক্ষ্যমাত্রা</td><td>নভেম্বর/২০২১ মাসে তথ্য কেন্দ্রে ২০০জন ও ডোর টু ডোর ৩৫০ জন সেবাগ্রহীতাকে সরকারি সেবা প্রদান করা হয়েছে।</td></tr>
<tr><td>উঠান বৈঠক</td><td>অক্টোবর/২০২১ মাসে ২টি উঠান বৈঠক সম্পাদিত হয়েছে।</td></tr>
<tr><td>স্বাস্থ্য সেবা</td><td>মহিলাদের বিনামূল্যে ডায়াবেটিস পরীক্ষা, রক্তচাপ পরীক্ষা, তাপমাত্রা, ওজন ও উচ্চতা মাপা হয়।</td></tr>
<tr><td>তথ্য প্রযুক্তি ভিত্তিক সেবা</td><td>মহিলাদের সকল অনলাইন সেবা বিনামূল্যে প্রদান করা হয়। (চাকুরীর আবেদন, ভর্তি পরীক্ষার আবেদন, বিভিন্ন পরীক্ষার ফলাফল যাচাই ও অন্যান্য)।</td></tr>
<tr><td>কোভিড-১৯ এর ভ্যাকসিন নিবন্ধন</td><td>উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশনা মোতাবেক ডোর টু ডোর সেবার মাধ্যমে কোভিড-১৯ এর ভ্যাকসিন নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে।</td></tr>
<tr><td>প্রকল্পের প্রচার প্রচারনা</td><td>ভ্যাকসিন নিবন্ধন ও অন্যান্য সেবা প্রদান এর সময় প্রকল্পের প্রচারনার জন্য লিফলেট বিতরণ এবং তথ্য কেন্দ্র থেকে সেবা গ্রহণের প্রদ্ধতি সম্পর্কে অবহিতকরণ।</td></tr>
<tr><td>ভিডিও প্রদর্শন</td><td>নভেম্বর/২০২১ মাসে বাল্য বিবাহ ও নারীর প্রতি সহিংসতা রোধে বিভিন্ন সচেতনতামুলক প্রচার প্রচারনা ও ভিডিও প্রদর্শন করা হয়েছে।</td></tr>
<tr><td>সচেতনতা মূলক কার্যক্রম</td><td>উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ডোর টু ডোর এবং উঠান বৈঠকের মাধ্যমে পানিতে ডুবে শিশু মৃত্যু প্রতিরোধে সচেতনতামুলক তথ্য প্রদান করা হচ্ছে।</td></tr>
</table>
</td>
<td>বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প, কুতুবদিয়াকে অনুরোধ করা হয়।</td>
<td>তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, কুতুবদিয়া</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২২ | **<u>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ</u>**<br>**ক) ৪র্থ পর্যায়ে (২০১৯-২০২০) গৃহীত উপ-প্রকল্প বাস্তবায়নঃ**<br>জনাব জামাল উদ্দিন, ইউডিএফ জানান, ইউজিডিপি প্রকল্পের আওতায় ৪র্থ পর্যায়ে (২০১৯-২০২০) গৃহীত ০৬টি সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও ০২টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের টেন্ডার আহ্বান করা হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br><br>(২২/ক) ৪র্থ পর্যায়ে (২০১৯-২০২০) গৃহীত সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্পের কাজ যথাযথভাবে সম্পন্ন হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং ০২টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের কাজ সত্তর টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে যথাসময়ে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়। | ২২/ক) উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া |
| | **খ) ৫ম পর্যায়ে (২০২০-২০২১) গৃহীত উপ-প্রকল্প বাস্তবায়নঃ**<br>জনাব জামাল উদ্দিন, ইউডিএফ জানান, ইউজিডিপি প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে (২০২০-২০২১) প্রাপ্ত বরাদ্দের বিপরীতে গত ৩০/০৯/২০২১ইং তারিখে অনুষ্ঠিত পরিষদের মাসিক সভার সিদ্ধান্তক্রমে গৃহীত ০৬টি সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প এবং ০১টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য চূড়ান্ত অনুমোদন পাওয়া গিয়াছে এবং সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য অগ্রিম অর্থ ছাড় করা হয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২২/খ) ৫ম পর্যায়ে (২০২০-২০২১) বরাদ্দ প্রাপ্ত ১০ লক্ষ টাকার বিপরীতে গৃহীত ৬টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প এবং ৪০ লক্ষ টাকার বিপরীতে ০১টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২২/খ) উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া/ ইউডিএফ, ইউজিডিপি,কুতুবদিয়া |
| | গ) জনাব জামাল উদ্দিন, ইউডিএফ জানান, উপজেলা পরিষদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পরিষদের ১৭টি ও ইউনিয়ন পরিষদের ১৩টি স্থায়ী কমিটি সমূহের সভা এবং ইউডিসিসি সভা নিয়মিত ভাবে আয়োজন করে সংশ্লিষ্ট সকলের নিকট সভার কার্যবিবরণী প্রেরণ করার অনুরোধ জানান। এছাড়াও উপজেলা ও ইউনিয়ন পরিষদের সিটিজেন চার্টার পরিষদের সামনে টাঙ্গানো ও ওয়েব পোর্টালে আপলোড করা এবং বার্ষিক ও পঞ্চবার্ষিকী বাজেট ওয়েব পোর্টালে আপলোডসহ ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২২/গ) পরিষদের কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে স্থায়ী কমিটির মিটিং নিয়মিতভাবে আয়োজন করার এবং সকল তথ্য ওয়েব পোর্টালে আপলোড ও নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ২২/গ) উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া/ ইউডিএফ, ইউজিডিপি,কুতুবদিয়া |
| ২৩ | **<u>উপজেলা পরিষদঃ</u>**<br>**ক) <u>উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় মার্কেট নির্মানঃ</u>**<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুতুবদিয়া কর্তৃক কুতুবদিয়া উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় দোকান ঘর/বাণিজ্যিক মার্কেট নির্মাণের নিমিত্তে ২,৬৭,০২,১৮৬/= টাকার প্রাক্কলন ও মার্কেটের ডিজাইনসহ সভায় উপস্থাপন করেন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিস্তারিত আলোচনান্তে, কুতুবদিয়া উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় দোকান ঘর/বাণিজ্যিক মার্কেট নির্মাণের নিমিত্তে উপস্থাপিত কারিগরি প্রতিবেদন, মার্কেটের ডিজাইনসহ ২,৬৭,০২,১৮৬/= টাকার প্রাক্কলন সর্বসম্মতভাবে অনুমোদন করা হয় এবং বর্ণিত প্রাক্কলন চূড়ান্ত অনুমোদনসহ প্রশাসনিক অনুমতি পাওয়ার নিমিত্তে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া |
| | **<u>খ) বাসা বরাদ্দ/ভাড়া আদায় প্রসঙ্গেঃ</u>**<br>উপজেলা পরিষদ নিয়ন্ত্রণাধীন আবাসিক কোয়ার্টার ও ডরমেটরী ভবনের ভাড়া নিয়মিত আদায় ও বরাদ্দ ছাড়া কোয়ার্টার/ডরমেটরীতে অবস্থানরত কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দ প্রদানসহ বকেয়া ভাড়া আদায়ের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | খ) জরুরী ভিত্তিতে বাসা বরাদ্দ কমিটির সভা আহ্বান করার জন্য উপজেলা প্রকৌশল, এলজিইডি, কুতুবদিয়াকে অনুরোধ করা হয়। | খ) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **গ) মহান বিজয় দিবস-২০২১ উপলক্ষ্যে অর্থ বরাদ্দ:**<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, জাতীয় দিবস সমূহ যথাযোগ্য মর্যাদায় বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অর্থ ব্যয়ের প্রশাসনিক অনুমোদন রয়েছে। তদমতে আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে মহান বিজয় দিবস-২০২১ উদযাপনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে অগ্রিম অর্থ ছাড় করা প্রয়োজন মর্মে সভাকে অবহিত করেন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | গ) মহান বিজয় দিবস-২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্তে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ৬০,০০০/-(ষাট হাজার) টাকার ব্যয় করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | গ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার |
| ২৪. | **উন্মুক্ত আলোচনা:**<br>১) জনাব আলা উদ্দিন আল আজাদ, চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউপি জানান, মাসিক সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানান। ধুরুং বাজারের তোহা বাজার, ফেরী ফেরী বাজার ও জলদা খালা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা নিতে হবে। ইতিপূর্বে অফিসার ইনচার্জ কর্তৃক গঠিত বাজার কমিটি পুন:জীবিত করতে হবে। দারুল হিকমা মাদ্রাসার শিক্ষক-কর্মচারীরা একাডেমিক ভবনে বসবাস করছে মর্মে জানা যায় এবং ধুরুং সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ধুরুং আদর্শ উচ্চ বিদ্যালয়ের মধ্যে জায়গা নিয়ে সৃষ্ট বিরোধ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>১) চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউপি কর্তৃক উপস্থাপিত বিষয়াদি দ্রুত নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ ধুরুং বাজারের ইজারাদার |
| | ২) জনাব মোহাম্মদ আজমগীর মাতবর, চেয়ারম্যান, কৈয়ারবিল ইউপি জানান, সরকার গ্রাম পর্যায়ে চিকিৎসা সেবা নিশ্চিত করার জন্য ৬ হাজার কমিউনিটি ক্লিনিক স্থাপন করেন। ধারাবাহিকতায় কুতুবদিয়া উপজেলায় স্থাপিত কমিউনিটি ক্লিনিকসমূহে সেবা নিরবিচ্ছিন্ন রাখার অনুরোধ জানান। কৈয়ারবিল ইউনিয়নে বেড়ীবাধের বাইরে ৯৭৫টি পরিবার মানবেতর জীবন যাপন করছেন। সরকারি হাসপাতালে ডাক্তারদের উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং সরকারি ঔষুধ যথাযথভাবে বিতরন করার অনুরোধ জানান। কৈলস্যাঘোনা সপ্রাবি ও মগনচর সপ্রাবি এর একাডেমিক ভবন নির্মাণ কাজ দ্রুত সমাপ্ত করার অনুরোধ জানান। এছাড়াও তাঁর ইউনিয়নের অরক্ষিত বেড়ীবাধ দ্রুত মেরামতের অনুরোধ জানান। | ২) চেয়ারম্যান, কৈয়ারবিল ইউপি কর্তৃক উপস্থাপিত বিষয়াদি দ্রুত সমাধানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | ২) সংশ্লিষ্ট সকল |
| | ৩) জনাব আ.ন.ম শহীদ উদ্দিন, চেয়ারম্যান, বড়ঘোপ ইউপি জানান, আগামী ৩০ নভেম্বর ২০২১ তারিখের নির্বাচন সুষ্ঠ ও সুন্দরভাবে আয়োজনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | ৩) আগামী ৩০ নভেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিতব্য পুন:নির্বাচন সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ৩) সংশ্লিষ্ট সকল |
| | ৪) জনাব আওরঙ্গজেব মাতবর, সভাপতি, উপজেলা আওয়ামীলীগ জানান, কয়েকদিন আগে বড়ঘোপ বাজারের দুটি দোকানে অগ্নিসংযোগের ফলে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে। তাই কুতুবদিয়া ফায়ার সার্ভিস স্টেশনের কাজ দ্রুত আরম্ভ করা প্রয়োজন। বেড়ীবাধের কাছ থেকে মাটি সংগ্রহ না করার জন্য ব্যবস্থা নিতে হবে এবং দ্রুত কাজ বাস্তবায়ন করতে হবে। বড়ঘোপ বাজারের অসমাপ্ত কাজ দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | ৪) কৈয়ারবিল ইউনিয়নের সকল এলাকায় সুপেয় পানি সরবরাহের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কুতুবদিয়াকে অনুরোধ করা হয়। | ৪) উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) কুতুবদিয়া |
| | ৫) জনাব মোঃ ওমর হায়দার, অফিসার ইনচার্জ, কুতুবদিয়া থানা জানান, কুতুবদিয়া উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক। তারপরও কোথাও কোন ব্যত্যয় ঘটলে কর্তৃপক্ষকে অবহিত করার অনুরোধ জানান। | ৫) কুতুবদিয়ার আইনশৃংখলা পরিস্থিতি ভালো রাখার জন্য সকলকে আন্তরিক ভাবে দায়িত্ব পালনের অনুরোধ জানান। | ৫) সংশ্লিষ্ট সকল |
| | ৬) জনাব মোঃ নুরের জামান চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার জানান, আগামী কালের নির্বাচন পরিচালনার জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। | ৬) আগামী কালের নির্বাচন সুষ্ঠভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার'কে অনুরোধ করা হয়। | ৬) উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ৭) জনাব আশেক উল্লাহ রফিক, মাননীয় সংসদ সদস্য জানান, অবকাঠামো উন্নয়নসহ সকল উন্নয়ন কাজ উপজেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধির সাথে সমন্বয় রেখে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। ২২টি স্কুলে অবকাঠামো/ভবন নির্মান কাজ চলমান রয়েছে। সকল স্কুলে ধারাবাহিকভাবে অবকাঠামো নির্মাণ করা হবে। সরকারি হাসপাতালে নিয়োগপ্রাপ্ত ডাক্তারদের উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং ডাক্তারদের জন্য প্রয়োজনীয় অবকাঠামো ও যোগাযোগ সুবিধার ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানান। কুতুবদিয়া উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি সন্তোষজনক রয়েছে। ২০২২ সালের মধ্যে কুতুবদিয়া উপজেলায় শতভাগ বিদ্যুতায়ন কাজ সমাপ্ত করার সম্ভাবনা রয়েছে। কুতুবদিয়া উপজেলায় মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। আজম সড়ক প্রস্থে ১৪ফুট থেকে ১৮ ফুট বৃদ্ধি করা হবে। উপজেলায় লবন উৎপাদন শুরু হয়েছে এবং উৎপাদন বৃদ্ধির ব্যবস্থা করতে হবে। বিজয় দিবস-২০২১ উৎসব মুখর করার ব্যবস্থা করতে হবে। ভোক্তাদের কাছ থেকে যেন অতিরিক্ত অর্থ আদায় করতে না পারে সেদিকে উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট আইন প্রয়োগকারী সংস্থাকে অনুরোধ জানান। শ্রেণি সমাপনী ও বোর্ড পরীক্ষায় অনুপস্থিত শিক্ষার্থীদের বিষয়ে প্রয়োজনীয় খবরাখবর নিতে হবে এবং নতুন শিক্ষাবর্ষের জন্য নতুন বই দ্রুত সংগ্রহের ব্যবস্থা নিতে হবে। কুতুবদিয়া উপজেলায় শতভাগ ভাতাভোগীর আওতায় আনার জন্য উপজেলা সমাজসেবা অফিসকে ব্যবস্থা নিতে হবে। | ৭) মাননীয় সংসদ সদস্যদের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয় এবং কুতুবদিয়া উপজেলায় উন্নয়নের ধারাবাহিকতা অব্যহত রাখার জন্য মাননীয় সংসদ সদস্যকে সভার পক্ষ থেকে অনুরোধ করা হয়। | ৭) মাননীয় সংসদ সদস্য ও সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |
| ২৫. | <u>বিবিধঃ-মাসিক সভায় উপস্থিতি নিশ্চিত করণ প্রসঙ্গেঃ</u><br>উপজেলা নির্বাহী অফিসার জানান, সকল দপ্তরের কার্যক্রম মাসিক সভায় তুলে ধরাসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের উপস্থিতি শতভাগ নিশ্চিত করা প্রয়োজন। কিন্তু অনেকে বিভিন্ন অজুহাতে মাসিক সভায় অনুপস্থিত থাকে। যা মোটেও কাম্য নয়। এছাড়াও কোন কর্মকর্তা ছুটিতে গেলে তা পরিষদকে অবহিত করতে হবে। এবিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা সহ যে কোন গুরুত্বপূর্ণ সভায় সকল দপ্তরের কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করার এবং কোন কর্মকর্তা ছুটি থাকলে পরিষদকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |

অতঃপর, সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় মাসিক সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য কামনা করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
কুতুবদিয়া, কক্সবাজার।

CS CamScanner

স্মারক নং- ৪৬.৪২.২২৪৫.০০০.০৬.০০১.২০২১- ৪৫,

তারিখ: ২৯/১১/২০২১খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্যঃ-

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯৫, কক্সবাজার-২ সংসদীয় আসন, কক্সবাজার
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, কক্সবাজার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যঃ-

১। জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধূরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
২। সহকারী কমিশনার (ভূমি), কুতুবদিয়া, কক্সবাজার।
৩। জনাব হুমায়ুন কবির হায়দার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
৪। জনাবা হাছিনা আকতার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
৫। চেয়ারম্যান (সকল), উত্তর ধূরুং/দক্ষিণ ধূরুং/লেমশীখালী/কৈয়ারবিল/বড়ঘোপ/আলী আকবর ডেইল ইউপি, কুতুবদিয়া
৬। উপজেলা........................................................ অফিসার(সকল), কুতুবদিয়া
৭। সংরক্ষিত মহিলা সদস্য, আসন-১/আসন-২, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার।
৮। জনাব................................................................ কুতুবদিয়া, কক্সবাজার
৯। সংরক্ষণ নথি।

২৯/১১/২১

(মোঃ নুরের জামান চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুতুবদিয়া, কক্সবাজার

CS CamScanner

# "উপজেলা পরিষদের ২৯/১১/২০২১ ইং তারিখের মাসিক সভায় উপস্থিতি"

## পরিশিষ্ট- "ক"

| ক্রঃ নংঃ | সভায় উপস্থিত সদস্যগণের তালিকা | ক্রঃ নংঃ | সভায় উপস্থিত হস্তান্তরিত দপ্তরের কর্মকর্তাগণের তালিকা |
|---|---|---|---|
| ০১ | জনাব আশেক উল্লাহ রফিক, মাননীয় সংসদ সদস্য ও সম্মানিত উপদেষ্টা | ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | ০৩ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৪ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | ০৪ | উপজেলা প্রকৌশলী (এল.জি.ই.ডি.),কুতুবদিয়া |
| ০৫ | চেয়ারম্যান, উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৬ | চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৭ | চেয়ারম্যান, লেমশীখালী ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৭ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৮ | চেয়ারম্যান, কৈয়ারবিল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৯ | চেয়ারম্যান, বড়ঘোপ ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৯ | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কুতুবদিয়া |
| ১০ | চেয়ারম্যান, আলী আকবর ডেইল ইউপি, কুতুবদিয়া | ১০ | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, কুতুবদিয়া |
| - | | | **উপস্থিত কর্মকর্তার প্রতিনিধি** |
| - | | ১১ | উপজেলা মৎস্য কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| - | | ১২ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| - | | ১৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| - | | ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |

## পরিশিষ্ট- "ক" (২)

| ক্রঃ নংঃ | সভায় উপস্থিত আমন্ত্রিত গন্যমান্য ব্যক্তির তালিকা | ক্রঃ নংঃ | সভায় উপস্থিত আমন্ত্রিত কর্মকর্তাগণের তালিকা |
|---|---|---|---|
| - | সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, কুতুবদিয়া উপজেলা শাখা | ০১ | সহকারী কমিশনার (ভূমি), কুতুবদিয়া |
| - | | ০২ | আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া |
| - | | ০৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়া |
| - | | ০৪ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া |
| | | ০৫ | উপজেলা পজীপ কর্মকর্তা, কুতুবদিয়া |
| | | ০৬ | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, কুতুবদিয়া |
| | | ০৭ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| | | ০৮ | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, কুতুবদিয়া |
| | | | |

## পরিশিষ্ট- "খ"

| ক্রঃ নংঃ | সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা | ক্রঃ নংঃ | সভায় অনুপস্থিত হস্তান্তরিত দপ্তরের কর্মকর্তাগণের তালিকা |
|---|---|---|---|
| | | ০১ | উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ০২ | উপজেলা সমবায় কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ০৩ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| | | | |

## পরিশিষ্ট- "খ"(২)

| ক্রঃ নংঃ | সভায় অনুপস্থিত আমন্ত্রিত গন্যমান্য ব্যক্তির তালিকা | ক্রঃ নংঃ | সভায় অনুপস্থিত আমন্ত্রিত কর্মকর্তাগণের তালিকা |
|---|---|---|---|
| | | ০১ | উপ-বিভাগীয় প্রকৌশলী, পাউবো, কুতুবদিয়ার প্রতিনিধি |
| - | | ০২ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ০৩ | সহকারী পরিচালক (সি.পি.পি), কুতুবদিয়া |
| - | | | |

CS CamScanner

# সভার তারিখঃ ২১/০৬/২০২১; ২৫/০৮/২০২১; ৩০/০৯/২০২১; ২৮/১০/২০২১; ২৯/১১/২০২১; ২৮/১২/২০২১

মাসিক সভার হাজিরা রেজিস্টার

| ক্রম | নাম ও পদবী | তা: ২১/০৬/২১ | তা: ২৫/০৮/২০২১ | তা: ৩০/০৯/২০২১ | তা: ২৮/১০/২০২১ | তা: ২৯/১১/২০২১ | তা: ২৮/১২/২০২১ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | [illegible] | | [illegible] | [illegible] | [illegible] | A |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | [illegible] | X | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৩. | চেয়ারম্যান, উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৪. | চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | A | [illegible] | [illegible] | [illegible] |
| ০৫. | চেয়ারম্যান, লেমশীখালী ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] 21/06/2021 | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৬. | চেয়ারম্যান, কৈয়ারবিল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৭. | চেয়ারম্যান, বড়ঘোপ ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৮. | চেয়ারম্যান, আলী আকবর ডেইল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |

মাসিক সভার হাজিরা রেজিস্টার

| ক্রম | নাম ও পদবী | তা: ২১/০৬/২১ | তা: ২৫/০৮/২০২১ | তা: ৩০/০৯/২০২১ | তা: ২৮/১০/২০২১ | তা: ২৯/১১/২০২১ | তা: ২৮/১২/২০২১ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | Fahim | Fahim | Fahim | [illegible] | [illegible] |
| ০৪. | উপজেলা মৎস্য কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৬ | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুতুবদিয়া | Kafil | Kafil | [illegible] | Kafil | Kafil | Kafil |
| ০৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৮ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৯. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | A | [illegible] 30.09.21 | [illegible] 28.10.21 | [illegible] | [illegible] |
| ১০. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |

## সভার তারিখঃ ২১/০৬/২০২১; ২৫/০৮/২০২১; ৩০/০৯/২০২১; ২৮/১০/২০২১; ২৯/১১/২০২১; ২৮/১২/২০২১


মাসিক সভার হাজিরা রেজিস্টার

ক্রম | নাম ও পদবী


মাসিক সভার হাজিরা রেজিস্টার

ক্রম | নাম ও পদবী


মাসিক সভার হাজিরা রেজিস্টার

ক্রম | নাম ও পদবী